

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৩৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১) পিঁয়াজ, রসুন, কুর্রাজ, মূলা অথবা তার অনুরূপ দুগর্মযুক্ত বস্তু খেয়ে মসজিদে আসার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من إتيان المسجد لمن أكل بصلا أو ثوما أو كراثا أو فجلا ونحو ذلك مما له رائحة كريهة

আরবী

(صحيح) وَعَنْ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنه خَطَبَ يَوْمَ الْجُمُعَةِ فقال في خطبته ثُمَّ إِنَّكُمْ أَيُّهَا النَّاسُ تَأْكُلُونَ شَجَرَتَيْنِ لَا أَرَاهُمَا إِلَّا خَبِيثَتَيْنِ الْبَصلَ وَالثُّومَ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا وَجَدَ رِيحَهُمَا مِنْ الرَّجُلِ فِي الْمَسْجِدِ أَمَرَ بِهِ فَأَخْرِجَ إِلَى الْبَقِيعِ فَمَنْ أَكَلَهُمَا فَلْيُمِتْهُمَا طَبْخًا رواه مسلم والنسائي وابن ماجه

বাংলা

৩৩৫. (সহীহ্) ওমার বিন খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি একদা জুমআর খুতবা দিলেন। খুতবায় তিনি বললেন, ''অতঃপর হে লোক সকল! তোমরা দু'টি বৃক্ষ খেয়ে থাক। আমি এ দু'টিকে দূর্গন্ধময় বৃক্ষ ছাড়া অন্য কিছু মনে করি না। আর তা হচ্ছে রসুন ও পিঁয়াজ। আমি আল্লাহর রাসূল (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে দেখেছি, যখন তিনি মসজিদের মধ্যে কোন ব্যক্তির মুখ থেকে এগুলোর গন্ধ পেতেন তখন তাকে বাকী' গোরস্থানের দিকে বের করে দিতেন। সুতরাং যে ব্যক্তি এ দুটি বৃক্ষ খেতে চায় সে যেন রান্নার মাধ্যমে তার দূর্গন্ধকে মেরে ফেলে।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ৫৬৭, নাসাঈ ২/৪৩, ইবনে মাজাহ ১০১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন